

কেন্ট কমিউনিটির কাছে রয়েল বেঙ্গল এয়ারলাইনের প্রত্যয় আমাদের প্রতিটি সময় নতুন সময় প্রতিটি দিন নতুন দিন

রয়েল বেঙ্গল এয়ারলাইন টিম ইউ.কে'তে তাদের ধারাবাহিক পরিচিতি কার্যক্রমের আওতায় গত ১৯শে ফেব্রুয়ারী স্থানীয় বেলভেডার স্পাইস মাষ্টার রেষ্টুরেন্টে কেন্টবাসীর জন্য এক বিশাল সেমিনারের আয়োজন করে। এতে কেন্টের কমিউনিটি নেতৃবৃন্দ ও স্থানীয় ব্যবসায়ীবৃন্দসহ বাংলাদেশে ক্যাটারার্স এসোসিয়েশনের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সেমিনারে রয়েল বেঙ্গল এয়ারলাইনের সুবৃহৎ কর্মপরিকল্পনা ও এর উন্নয়ন-অগ্রগতি বিষয়ে বিশদ আলোকপাত করা হয়। রয়েল বেঙ্গল এয়ার লাইন কেন্টের বাঙালী কমিউনিটিকে অবহিত করেন যে, বাংলাদেশ ক্যাটারার্স এসোসিয়েশনের সাথে আমাদের রয়েছে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা ও কৌশলগত অংশিদারিত্ব। সেমিনারে লন্ডনে আর.বি.এ'র নতুন ভবন নির্মাণ ও এয়ারক্রাফট পরিচালনা কার্যক্রমের অগ্রগতির বিভিন্ন দিক তুলে ধরা হয়।

বাংলাদেশ ক্যাটারার্স এসোসিয়েশনের জেনারেল সেক্রেটারী জনাব পাশা খন্দকার আরবিএ টিমকে স্বাগত জানিয়ে বলেন, আমাদের কমিউনিটির উন্নয়ন ও অগ্রগতির লক্ষ্যে বাংলাদেশ ক্যাটারার্স এসোসিয়েশন রয়েল বেঙ্গল এয়ার লাইন-এর সাথে অংশীদারীত্বের শক্ত বন্ধন গড়ে তুলতে আগ্রহী। সেমিনারে অন্যান্যের মধ্যে অতিথি হিসেবে বক্তব্য রাখেন যথাক্রমে সর্বজনাব ফজল উদ্দিন, রেজাউল কবির রাজা, এএসএম আহমেদ বাবলা, সিরাজুল ইসলাম ও মো: সেলিম ইউসুফ প্রমুখ।

রয়েল বেঙ্গল এয়ারলাইনের অন্যতম ডাইরেক্টর জনাব পাতেল চৌধুরী অত্যন্ত আবেগময় কণ্ঠে সম্পূর্ণ ঝুঁকিপূর্ণ এ উদ্যোগ সম্পর্কে বলেন, আমাদের প্রত্যয় ছিলো অসাধ্যের সাধন, আর তাই আমাদের কর্মতৎপরতায় রয়েছে বহুগুণ উৎসাহ ও উদ্দীপনা। আমরা অবশ্য ইতোমধ্যে সফলতার মুখ দেখতে শুরু করেছি এবং অচিরেই আমাদের এয়ারক্রাফট আকাশের নীল নীলিমায় তার ডানা মেলে ধরতে যাচ্ছে।

রয়েলবেঙ্গল এয়ার লাইনের সিনিয়র ডাইরেক্টর এবং বাংলাদেশে সুপ্রতিষ্ঠিত আল-হামরা গ্রুপের কী ডাইরেক্টর জনাব আবদুল আশিক চৌধুরী বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের স্মৃতি রোমন্থন করে বলেন, আমাদের দেশের মহান মুক্তিযুদ্ধের বিজয় অর্জনে আমরা প্রবাসীরা বিভিন্ন গনমুখী কার্যক্রমের মাধ্যমে যেমন বিশ্বজনমত গড়ে তুলে স্বাধীনতার বিজয়কে ত্বরান্বিত করেছিলাম তেমনি আমরা সেই প্রেরণা নিয়ে এবার আকাশ জয়ে এগিয়ে যাবো।

আরবিএ-এর এক্সিকিউটিভ মেম্বর ও অন্যতম ডাইরেক্টর জনাব মুহম্মদ জিয়াউল কমর তাঁর বক্তব্যে বলেন, আমাদের কর্মযজ্ঞের অভিধানে 'ব্যর্থতা' বলে কোনো শব্দের স্থান নেই। আমরা অবশ্যই সফলতা ছিনিয়ে আনবো; কারণ আমাদের কাছে প্রতিটি সময় নতুন সময়, আর প্রতিটি দিন নতুন দিন। তিনি সেমিনারে উপস্থিত সুধীবৃন্দকে বাংলা টাউনের প্রাণকেন্দ্রে নির্মিতব্য রয়েল বেঙ্গল এয়ারলাইনের ভবন নির্মাণ ও রূপায়নের কাজ আগামী সপ্তাহে শুভ সূচনা হবে বলে জানান।

বিজ্ঞপ্তি